বাগাতিপাড়া উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির সভার কার্যবিবরণী ।

সভাপতি ঃ মোঃ হাফিজুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগাতিপাড়া, নাটোর ।

স্থান ঃ "বড়াল" সভাকক্ষ, বাগাতিপাড়া, নাটোর ।

তারিখ ঃ ০৮.০৫.২০১৭ খ্রিঃ ।

সময় ঃ সকাল ১০.৪৫ ঘটিকা

উপস্থিত সদস্য-পরিশিষ্ট-'ক'

বাগাতিপাড়া উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন । অতঃপর জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ১ কাওরানবাজার(টিসিবি ভবন-৮ম তলা),ঢাকা এর ১৮ আগষ্ট ২০১৩ খ্রিঃ তারিখের ২৬.০৪.০০০০.১১১.০৬.০৫৫.১৩-৩৮৪ নং স্মারকের নির্দেশনা মোতাবেক ভোক্তা অধিকার আইন ২০০৯ এর সেমিনার সম্পর্কে সভায় আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	ভোক্তা অধিকার সংরক্ষণ সম্পর্কে জাতীয়ভোক্তাঅধিকার সংরক্ষণ পরিষদ বা জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি কর্তৃক প্রদত্ত নির্দেশনা প্রতিপালন	সভাপতি উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ পূর্বক ভোক্তা অধিকার সংরক্ষণ সম্পর্কে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ পরিষদ বা জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি কর্তৃক নির্দেশনার বিষয়ে জানতে চাইলে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, ভোক্তা অধিকার সংরক্ষণ সম্পর্কে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ পরিষদ বা জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি কর্তৃক প্রদত্ত নির্দেশনা পাওয়া যায়নি ।	ভোক্তা অধিকার সংরক্ষণ সম্পর্কে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ পরিষদ বা জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি কর্তৃক প্রদত্ত নির্দেশনা পাওয়া গেলে তা বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হলো ।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সহ সংশ্লিষ্ট সকল ।
২	জেলা কমিটিকে প্রয়োজনীয় সহায়তা প্রদান	আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, এ সংক্রান্ত জেলা কমিটির কোন নির্দেশনা পাওয়া গেলে উপজেলা কমিটি কর্তৃক জেলা কমিটিকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হবে ।	জেলা কমিটির সিদ্ধান্ত জানা গেলে উপজেলা কমিটি কর্তৃক জেলা কমিটিকে প্রয়োজনীয় সহায়তা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো ।	সংশ্লিষ্ট সকল ।
৩	শুস্ক মৌসুম উপলক্ষে ভোক্তাদের অধিকার সংরক্ষন	উপজেলা নির্বাহী অফিসার জানান যে, শুস্ক মৌসুম উপলক্ষে বিভিন্ন বাজার/ দোকানে নিম্ন মানের পণ্য ভোক্তাদের নিকট বিক্রয় করে ভোক্তা অধিকার ক্ষুন্ন হওয়ার সম্ভবনা থাকে । এইরুপ ঘটনা যেন না ঘটে সে বিষয়ে সকলেই সজাগ থাকার প্রতি গুরুত্ব আরোপ করেন ।	ভোক্তা অধিকার সমুন্নত রাখা এবং মান সম্পন্ন পণ্য বাজারে বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয় ।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/স্যানিটারী ইন্সপেক্টার সহ সংশ্লিষ্ট সকল ।
৪	পাইকারী ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠান সহ ভোক্তাদের ব্যবহারের জন্য অন্যান্য পণ্য উৎপাদন ও বিপনন প্রতিষ্ঠানের কার্যাবলী তদারক ও পরিবীক্ষণ	সভাপতি মহোদয় জানান যে, উপজেলা পর্যায়ে পাইকারী ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠান সহ ভোক্তাদের ব্যবহারের জন্য অন্যান্য পণ্য উৎপাদন ও বিপনন প্রতিষ্ঠান সমূহের কার্যাবলী তদারকী ও পরিবীক্ষণ করার জন্য নির্দেশনা রয়েছে। ভোক্তাদের ব্যবহারের জন্য পণ্য উৎপাদন ও বিপনন প্রতিষ্ঠানের কার্যাবলী তদারকী ও পরিবীক্ষণ করতে হবে ।	উপজেলায় যে সকল বেকারী প্রতিষ্ঠান রয়েছে তাদের প্রতিষ্ঠান সমূহের কার্যাবলী তদারকী অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হলো ।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ।

৫.	পণ্যের মেয়াদ উত্তীর্ণ ও গুণাগত মান বজায় রাখা	উপজেলা নির্বাহী অফিসার জানান প্রতিটি পণ্যের মোড়কের গায়ে উৎপাদন এবং মেয়াদ উত্তীর্ণের তারিখ লিখা বাধ্যতা মূলক কিন্ত বাজারে অনেক পণ্য আছে যার মোড়কে লিখা নেই ।	উপজেলা স্যানিটারী ইন্সপেক্টর পণ্যের মোড়কের উৎপাদন এবং মেয়াদ উত্তীর্ণের তারিখ লিখা নিশ্চিত করবেন ।	উপজেলা স্যানিটারী ইন্সপেক্টর
৬.	জবাইখানা সংস্কার/ পরিস্কার	পেড়াবাড়ীয়া, তমালতলা, দয়ারামপুর বাজারে জবাইখানায় পশু জবাই নিশ্চিত করার সংশ্লিষ্টদের অনুরোধ জানান । সে লক্ষ্যে উক্ত জবাইখানা সমূহ প্রয়োজনীয় সংস্কার/মেরামত করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান ।	পেড়াবাড়ীয়া বাজারের জবাই খানা, মেয়ার, বাগাতিপাড়া পৌরসভা এবং তমালতলা ও দয়ারামপুর বাজারের জবাইখানা সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সংস্কার/ মেরামত করার ব্যবস্থা গ্রহণ করবেন ।	মেয়র,বাগাতিপাড়া পৌরসভা/ চেয়ারম্যান, বাগাতিপাড়া/ দয়ারামপুর ।
৭	ভোক্তা অধিকার আইন’০৯ এর সেমিনার	উপজেলা নির্বাহী অফিসার ভোক্তা সংরক্ষণ অধিকার আইন ২০০৯ বাস্তবায়ন ও অধিকার প্রচারের উদ্দেশ্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার জন্য আহবান ।	১.উপজেলা প্রতিটি বাজারে ভোক্তাগণ আইন অনুযায়ী তাদের অধিকার লংঘিত হচ্ছে কিনা তানিয়মিত তদারকি করতে হবে । ২.ভোক্তা অধিকার সংরক্ষণ আইন’০৯ এর উপর চলমান মোবাইল কোর্ট অবহ্যহৃত থাকবে ৩. জনসচেতনা বৃদ্ধির লক্ষ্যে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন’০৯ প্রচার অব্যহৃত থাকবে । ৪.ব্যবসায়ীগণ সঠিক ওজনে নায্য মূল্যে মেয়াদী পণ্য ভোক্তার নিকট সরবরাহ করবেন ৫. দোকানের সামনে পণ্যের সরবরাহ, মজুদ এবং মূল্যের চার্ট টাংগাতে হবে ।	উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন ।

(মোঃ হাফিজুর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাগাতিপাড়া, নাটোর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগাতিপাড়া,নাটোর
www.bagatipara.natore.gov.bd

স্মারকনং-০৫.৫০.৬৯০৯.০০০.০৯.০১৩.১৩-৪১৭(১৬) তারিখ ঃ ০৮.০৫.২০১৭ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১। পরিচালক(যুগ্ম সচিব), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর,কাওরান বাজার(টিসিবি ভবন ৮ম তলা), ঢাকা ।
২। জেলা প্রশাসক,নাটোর ।
। উপজেলা -----------------------অফিসার, বাগাতিপাড়া,নাটোর ।
৪। জনাব --বাগাতিপাড়া, নাটোর ।

08/05/17

(মোঃ লিয়াকত আলী সেখ)
উপজেলা নির্বাহী অফিসার
বাগাতিপাড়া,নাটোর
দুরালাপনী ০৭৭২২-৭২০০১
ই-মেইল:unobagatipara@mopa.gov.bd